



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২৫ জুলাই ২০১৭ খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের ২য় বর্ষ পূর্তি উপলক্ষে সুধি সমাবেশ ৩১ জুলাই ২০১৭ খ্রি. অনুষ্ঠিত হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের ২য় বর্ষ পূর্তি উপলক্ষে আগামী ৩১ জুলাই ২০১৭ খ্রি. সোমবার, বেলা ১১ টায় নগরীর লালখান বাজারস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে সুধি সমাবেশ অনুষ্ঠিত হবে। উক্ত সুধি সমাবেশে সংশ্লিষ্টদের যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

চট্টগ্রাম-২৫ জুলাই ২০১৭ খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট ৩০ জুলাই ২০১৭ খ্রি. তারিখে পেশ হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট আগামী ৩০ জুলাই ২০১৭ খ্রি. রবিবার বেলা ১১.৩০ টায় চসিক কেবি আবদুচ ছতার মিলনায়তনে পেশ করা হবে। বাজেট পেশ করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম-২৫ জুলাই ২০১৭ খ্রি.

### প্রবীণ জননেতা হাজী মোহাম্মদ ইসহাক মিয়ার কফিনে মেয়রের শ্রদ্ধা নিবেদন

বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা, সাবেক গণপরিষদ ও সংসদ সদস্য হাজী মোহাম্মদ ইসহাক মিয়া ২৪ জুলাই ২০১৭ খ্রি. বেলা ১১ টা ৪০ মিনিটে নগরীর ম্যাঞ্চ হাসপাতালে ইন্তেকাল করেন। মরহমের নামাজে জানাজা ২৫ জুলাই ২০১৭ খ্রি. মঙ্গলবার, সকাল ১০ টায় জমিয়তুল ফালাহ জাতীয় মসজিদ ময়দানে অনুষ্ঠিত হয়। জানাযায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র সহ মন্ত্রী, সাবেক মন্ত্রী, এমপি ও রাজনৈতিক দলের নেতৃবৃন্দ সহ সমাজের বিভিন্ন শ্রেণী ও পেশার নাগরিকবৃন্দ অংশগ্রহণ করেন। জানাযা শেষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্যানেল মেয়র ও কাউন্সিলরদের সাথে নিয়ে মরহম হাজী মোহাম্মদ ইসহাক মিয়ার কফিনে ফুল দিয়ে শেষ শ্রদ্ধা নিবেদন করেন এবং ১ মিনিট নিরবে দাঁড়িয়ে মরহমের আত্মার মাগফেরাত কামনা করেন।

চট্টগ্রাম-২৫ জুলাই ২০১৭ খ্রি.

### রেলওয়ে হাসপাতাল কলোনী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় মাঠে বৃক্ষ রোপন, নারিকেল চারা বিতরণ এবং অত্র স্কুল পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন শিক্ষকদের শিক্ষার পরিবেশ উন্নয়ন, গুণগত মান বৃদ্ধি এবং নীতি-নৈতিকতায় মানবিক মূল্যবোধ সম্পন্ন সুনাগরিক গড়ার পরামর্শ দিয়ে বলেন, চসিক তার রাজস্ব আয়ের বিরাট একটি অংশ ভর্তুকি দিয়ে কর্পোরেশনের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরিচালনা করছে। শিক্ষার আলোতে আলোকিত নাগরিক গড়ার প্রত্যয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ঝুঁকি নিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। তিনি আশা করেন, শিক্ষক ও পরিচালনা পরিষদের আন্তরিক প্রচেষ্টায় শিক্ষার্থীদের সুনাগরিক হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। ২৫ জুলাই ২০১৭ খ্রি. মঙ্গলবার সকালে রেলওয়ে হাসপাতাল কলোনী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় মাঠে বৃক্ষ রোপন, নারিকেল চারা বিতরণ ও স্কুল পরিচালনা কমিটির সভায় সভাপতির বক্তব্যে তিনি এ সব কথা বলেন। পরে মেয়র স্কুলটির শিক্ষা কার্যক্রম, পাঠদান পদ্ধতি এবং লাইব্রেরি ঘুরে দেখেন। তিনি রেলওয়ে হাসপাতাল কলোনী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের জন্য নতুন ভবন নির্মাণ পরিকল্পনা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগকে নির্দেশ দেন। এ সময় স্থানীয় কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চু, প্রধান শিক্ষা কর্মকর্তা নাজিয়া

শিরিন, প্রধান শিক্ষক উত্তম কুমার আচার্য, চসিকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদাসহ স্কুল পরিচালনা কমিটির সদস্যবৃন্দ এবং চসিকের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-২৫ জুলাই ২০১৭ খ্রি.

## **সিটি মেয়রের সাথে সৌজন্য সাক্ষাত করলেন**

### **চায়নার সানি গ্রুপ এর প্রতিনিধি দল**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে চায়নার সানি গ্রুপ কোং লি. এর ৬ সদস্যের একটি প্রতিনিধি দল তাঁর অফিস কক্ষে ২৫ জুলাই ২০১৭ খ্রি. মঙ্গলবার বিকেলে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাতকালে সিটি মেয়র সানি গ্রুপ কোং লি. এর প্রতিনিধিদলকে স্বাগত জানান। তিনি বলেন চায়নার সাথে বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সু-সম্পর্ক রয়েছে। ম্যানুফেকচারিং ও মেশিনারী সরঞ্জাম প্রস্তুতে বাংলাদেশের বড় বাজার দখল করে আছে চায়না। আধুনিক ও অন্যান্য দেশের যন্ত্রাংশের চেয়ে দামে সাশ্রয়ী হওয়ায় বাংলাদেশে চায়নার বাজার প্রতিনিয়ত বিস্তৃতি লাভ করছে। তিনি চায়না বাংলাদেশে আরো বিনিয়োগ করবে বলে প্রত্যাশা করেন।

সানি গ্রুপ এর বোর্ড চেয়ারম্যান জিয়ান কুই (Mr. Jian Qi) তাদের প্রস্তুতকৃত মেশিনারী ও যন্ত্রাংশ সম্পর্কে মেয়রকে অবহিত করেন। তিনি তাদের কোম্পানীর প্রস্তুতকৃত মেশিনারীগুলো ট্রাক্টর, ফ্রেন, কম্প্রাকশন মেশিনারী, পোর্ট মেশিনারী, বিল্ডিং ইকুইপমেন্ট ইত্যাদির তথ্য উপাত্ত পাওয়ার পয়েন্টের মাধ্যমে সিটি মেয়রকে ধারণা প্রদান করেন। তারা মেয়রের নিকট তাদের প্রস্তুতকৃত মেশিনারী ও যন্ত্রাংশের মধ্যে যেগুলো চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবা কার্যক্রমে প্রয়োজন হয় সেগুলো সরবরাহের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। সিটি মেয়র এ বিষয়ে তাদেরকে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন। এসময় মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, সানি ইন্ডিয়ান ভাইস প্রেসিডেন্ট সঞ্জয় সাক্ষেনা, সানি গ্রুপ এর জেনারেল ম্যানেজার টনি টেং (Mr. Tony Tang), বাংলাদেশের কান্ট্রি হেড ঝেং মিয়াং (Mr. Zhang Ming(Mike)), সানি পোর্ট মেশিনারীর মার্কেটিং ডিরেক্টর ডেনিয়াল ওয়ো (Mr. Daniel Wu), ব্যবস্থাপনা পরিচালক মো. সালাউদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**